

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা বন কর্মকর্তার কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং: ৩৬

তারিখ: ১০/৬/২২

বিষয়: লাকসাম উপজেলা বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটির সভার আহ্বান প্রসঙ্গে।





উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১৫/৬/২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায়
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম এর সভাপতিত্বে উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়ে উপজেলা বন ও পরিবেশ
বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

১৫/৬/২২
উপজেলা বন কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।

প্রাপক :-

লাকসাম উপজেলা বন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যগণের তালিকা

তারিখ :

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মহক্বত আলী ভাইস চেয়ারম্যান লাকসাম উপজেলা পরিষদ	সভাপতি	
০২	জনাব মোঃ ইমাম হোসেন চেয়ারম্যান উত্তরদা ইউনিয়ন পরিষদ লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৩	জনাব নিজাম উদ্দিন শামীম চেয়ারম্যান গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৪	জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন খন্দকার উপজেলা ফরেস্টার লাকসাম, কুমিল্লা।	সদস্য সচিব	

লাকসাম উপজেলা বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মহব্বত আলী
ভাইস চেয়ারম্যান, লাকসাম উপজেলা পরিষদ
সভার স্থানঃ ভাইস চেয়ারম্যানের কার্যালয়
উপজেলা পরিষদ, লাকসাম
সভার সময় ও তারিখঃ সকাল ১১.০০ ঘটিকা, ১৫/০৬/২০২২ খ্রিঃ
সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচীঃ-

- ১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। বন বিভাগের সৃজিত বাগান জরুরী নিলাম, বিক্রয় ও কর্তন বিষয়ে আলোচনা।
- ৩। বিবিধ।

সভাপতি সভার প্রারম্ভে সম্মানিত উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও উপজেলা ফরেস্টার জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন খন্দকার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কাহারো কোন আপত্তি/সংযোগ/বিয়োজন না থাকায় সভাপতি মহোদয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন।

সদস্য সচিব সভাকে জানান যে, ইকুয়াইন হইতে কামডা পর্যন্ত ২.০ কি.মি. ও আউশপাড়া হইতে ধানকুইয়া পর্যন্ত ৩.০ কি.মি. মোট ৫.০ কি.মি. বাগানের উপকারভোগী ২০জন। সড়ক উন্নয়নমূলক কাজের কারণে উক্ত সড়কের বাগান গুলো নিলাম ও টেন্ডারের মাধ্যমে বিভাগীয় বন কর্মকর্তা বিক্রয় করেন। উক্ত ৫.০ কি.মি. বাগানের উপকারভোগী ও বিভিন্ন সংস্থার প্রাপ্য লভ্যাংশ বিতরণ ও চুক্তিনামার তালিকাভুক্ত উপকারভোগীদের লভ্যাংশ প্রদানের জন্য অনুমতি প্রয়োজন।

সিদ্ধান্তঃ

উপরোক্ত বিষয়ে আলোচনা ও পর্যালোচনা শেষে উক্ত ৫.০ কি.মি. বাগানের ২০জন উপকারভোগীসহ অন্যান্য সংস্থার লভ্যাংশের প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো।

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মহব্বত আলী)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ ও

সভাপতি


বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ০৩। জনাব.....
- ০৪। অফিস কপি।

তারিখঃ



(মোয়াজ্জেম হোসেন খন্দকার)

উপজেলা ফরেস্টার

লাকসাম, কুমিল্লা